জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
E-mail: director@nactar.gov.bd
Web: www.nactar.gov.bd

স্মারক নং ৫৭.২১.০০০০.০০৮.৩৮.০০০১. ৮২ তারিখঃ ১৬/০১/২০২৩ খ্রি.

**গবেষণার বিষয়ঃ আইওটি, ন্যাচারাল ল্যাংগুয়েজ প্রসেসিং, ব্লকচেইন, মেশিন লার্নিং/ডাটা মাইনিং, ডীপ লার্নিং, বায়োইনফরমেটিক্স, বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত গবেষণা।**

## কাজের ক্ষেত্র

গবেষণা পরিচালনা করার জন্য উপযুক্ত পরামর্শক সংস্থা/ গবেষণা সংস্থা/ ব্যক্তিকে নিম্নলিখিত বিষয়গুলো নিয়ে কাজ করতে হবে-

১। গবেষণা ক্ষেত্রের বৈশ্বিক প্রবণতা বিশ্লেষণপূর্বক জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) এর সাথে সংগতিপূর্ণ গবেষণা প্রস্তাব পেশ করতে হবে।

২। প্রাত্যহিক জীবনে কার্যকর এমন কোন পণ্য / সেবা প্রস্তাব।

৩। গবেষণা ক্ষেত্রসমূহে উদ্ভাবনী উদ্যোগ।

৪। বাংলা ভাষা, বাংলাদেশ সংক্রান্ত কোন সমস্যার সমাধান।

৫। প্রশিক্ষণ ক্ষেত্রে সেবা / অবদান রাখে এমন কোন পণ্য উদ্ভাবন।

৬। **প্রশিক্ষণার্থীদের শারীরিক সুস্থতা ও মানসিক স্বাস্থ্যের উপর আইসিটির প্রভাব।**

## গবেষণা সংক্রান্ত শর্তাবলী

১। গবেষণা প্রস্তাব research.nactar@gmail.com ইমেইলে অথবা পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া বরাবর সরাসরি নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

২। গবেষণা প্রস্তাব জমা দানের পর নির্ধারিত দিনে অফলাইন / অনলাইন সেমিনারে রিসার্চ প্ল্যান, মেথডোলজি, টাইমলাইন ও আর্থিক ব্যবস্থাপনা উপস্থাপন করতে হবে। সেমিনারের উপস্থাপনা যাচাই বাছাই পূর্বক একটি সংস্থাকে চূড়ান্ত কার্যাদেশ প্রদান করা হবে। সেমিনারের তারিখ ও সময় পরবর্তীতে নেকটারের ওয়েব সাইটে জানিয়ে দেয়া হবে।

৩। কার্যাদেশ প্রাপ্তির দিন থেকে ৪৫ দিনের মধ্যে গবেষণা কাজ সম্পন্ন করতে হবে।

৪। গবেষণা চলাকালীন সময়ে নেকটার কর্তৃপক্ষকে প্রতি সপ্তাহে গবেষণা কাযক্রমের অগ্রগতি সম্পর্কে অবহিত করতে হবে।

৬। গবেষণাকালে Research ethics মেনে চলতে হবে।

৭। গবেষণা কাজের শেষে আন্তর্জাতিক মানের জার্নালে প্রকাশের উপযোগী গবেষণাপত্র তৈরি করে বাংলায় এবং ইংরেজিতে নেকটার কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

৮। সকল গবেষণা কাজের হার্ড কপি ও সফট কপি নেকটার কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

৯। গবেষণা চলাকালীন সময়ে নেকটার কর্তৃপক্ষের পরামর্শ ও নির্দেশনা অনুসরণ করতে হবে। গবেষণা চলাকালীন সময়ের মধ্যে মোট ১টি সেমিনার আয়োজন করতে হবে। একটি সেমিনারের জন্য ৫০,০০০/= টাকা নির্ধারিত থাকবে। সেমিনারটি নেকটারের নিজস্ব ক্যাম্পাসে আয়োজন করতে হবে।

১০। গবেষণার ফলাফল নেকটার কর্তৃপক্ষ ছাড়া অন্য কোথাও সরবরাহ, হস্তান্তর বা প্রকাশ করা যাবে না, করলে বাংলাদেশের প্রচলিত আইনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

১১। Sample Size ৪০০-এর উপরে হতে হবে। Balanced Data সংগ্রহ করতে হবে। সংগৃহীত সকল Raw Data ও Processed Data নেকটার কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

১২। গবেষণার জন্য Quantitative and Qualitative Sample/Data সংগ্রহ করতে হবে এবং Quantitative and Qualitative Research methodology ব্যবহার করতে হবে। গবেষণার জন্য যথেষ্ট ডেটা প্রাপ্তির উপর নির্ভর করে Statistical/ Data Mining/ Deep Learning ভিত্তিক তুলনামূলক তথ্য বিশ্লেষণ করতে হবে।

১৩। ডাটা সংগ্রাহকালে ধর্মীয়, রাজনৈতিক ও সরকার বিরোধী কোন ধরনের উস্কানীমূলক প্রশ্ন/উত্তর সংগ্রহ করা যাবে না।

১৪। উল্লেখ্য যে, দরপত্রে উল্লেখিত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ০২ (দুই) কিস্তিতে পরিশোধ করা হবে। Inception Report জমা দেয়ার পর মোট টাকার ৫০%, এবং Final Report জমা দেয়ার পর বাকি ৫০% পরিশোধ করা হবে।

১৫। কার্যাদেশ পাওয়ার আগে গবেষণা সংক্রান্ত নমুনা তথ্য সংগ্রহ করা যাবে না।

১৬। নমুনা তথ্য সংগ্রহ করার মেয়াদকাল যদি গবেষণার মেয়াদকাল অতিক্রম করে ফেলে তবে তথ্য সংগ্রহ স্থগিত করে কর্তৃপক্ষ থেকে তথ্য সংগ্রহ করার অনুমোদন নিতে হবে। অনুমোদন নেয়ার সময় গবেষণা অগ্রগতি প্রতিবেদন জমা দিতে হবে। তবে অনুমোদনের আবেদন অবশ্যই গবেষণার মেয়াদকাল অতিক্রান্ত হওয়ার ১মাস / ৩০দিন আগে হতে হবে। যদি গবেষণা শুধুমাত্র তথ্য সম্পাদনা, তথ্য বিশ্লেষণ অথবা গবেষণা প্রতিবেদন লেখার পর্যায়ে থাকে তবে অনুমোদনের আবেদন নিষ্প্রয়োজন।

১৭। গবেষণার বিভিন্ন পর্যায় অবশ্যই কঠোরভাবে গবেষণা প্রস্তাবের অনুসরণ করে করতে হবে।

১৮। গবেষণায় অংশগ্রহণকারীদের কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত আমন্ত্রণ পত্রে সম্মত হতে হবে।

১৯। তথ্য সংগ্রহ স্থানে কোন অনাকাংখিত ঘটনা ঘটলে কর্তৃপক্ষকে ৫ (পাঁচ) কার্যদিবসের মাঝে জানাতে হবে।

২০। গবেষণা পদ্ধতিতে কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন অনুমোদনের জন্য কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

২১। উপরে উল্লেখিত শর্তাবলী আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন, বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ শাফিউল ইসলাম)
পরিচালক (উপসচিব)
নেকটার, বগুড়া।